UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref: ***Date:****২৬ জানুয়ারি ২০১৩*

প্রেস বিজ্ঞপ্তি

মাটিরাঙ্গা ইটভাটায় শ্রমিক হত্যার নিন্দা, সন্ত্রাসীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থাগ্রহণের দাবি

পূর্ণস্বায়ত্তশাসনের দাবিতে আন্দোলনরত আঞ্চলিক রাজনৈতিক দল ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর প্রেস সেকশান থেকে আজ শনিবার ২৬ জানুয়ারি ২০১৩ প্রদত্ত এক প্রেস বিজ্ঞপ্তিতে গতকাল শুক্রবার মাটিরাঙ্গার ১০ নং বটতলীতে সংঘটিত নৃশংস ঘটনায় এক ইটভাটা শ্রমিক ও অপর দুই শ্রমিকের আহত হবার ঘটনায় নিন্দা, দোষী ব্যক্তিদের শাস্তি, নিহত- আহতদের যথোপযুক্ত ক্ষতিপূরণ এবং ঘটনার সুষ্ঠু তদন্তের দাবি করা হয়েছে।

বটতলীতে সংঘটিত উক্ত ঘটনার সাথে ইউপিডিএফ'কে জড়িয়ে কোন কোন নিউজ সাইটে খবর পরিবেশনকে বস্তুনিষ্ট নয়, দুঃখজনক এবং পুরোপুরি উদ্দেশ্যপ্রণোদিত বলে অভিহিত করে তা ইউপিডিএফ-এর পক্ষ থেকে দ্ব্যর্থহীনভাবে প্রত্যাখ্যান করা হয়েছে। খেটে-খাওয়া শ্রমজীবী মানুষের ওপর পরিচালিত যে কোন ধরনের অন্যায় ও জোর জবরদস্তির বিরুদ্ধে ইউপিডিএফ সব সময়ই সোচ্চার-- এ নীতিগত অবস্থান পুনঃব্যক্ত করে কোন ধরনের অপপ্রচারে বিভ্রান্ড় না হতে ইউপিডিএফ আহ্বান জানিয়েছে।

মিডিয়ায় প্রদত্ত প্রেস বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, উক্ত নৃশংস ঘটনার পর পরই ঘটনাস্থল হতে বহু দূরের হরিধন মারমাপাড়া ও হেমাঙ্গপাড়ায় নিরীহ পাহাড়িদের ওপর হামলা, বাড়িঘরে অগ্নিসংযোগ, ভাঙচুর ও লুটপাটের ঘটনা অত্যন্ড় নিন্দনীয় এবং তা স্পষ্টতই সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা সৃষ্টির অপপ্রয়াস বই কিছু নয়। পাহাড়ি গ্রামে হামলাকারী দুর্বৃত্তদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণ এবং ক্ষতিগ্রস্তদের যথোপযুক্ত ক্ষতিপূরণ প্রদানের দাবিও জানিয়েছে ইউপিডিএফ। পুরো ঘটনা অবহিত না হয়ে উত্তেজনার বশে সাম্প্রদায়িকতার বিষ বাষ্প ছড়িয়ে কায়েমী স্বার্থবাদী চক্রের গুটিতে পরিণত না হবার জন্য ইউপিডিএফ সেটলারসহ সবার প্রতি আহ্বান জানিয়েছে। সাম্প্রদায়িকতা সৃষ্টির যে কোন অপচেষ্টার বিরুদ্ধে ইউপিডিএফ পাহাড়ি-বাঙালি উভয়কে সজাগ ও সংযত থাকারও আহ্বান জানিয়েছে।

বার্তা প্রেরক

নিরন চাকমা
প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউপিডিএফ